ভ্যাকসিন গ্রহীতা ও সেবা প্রদানকারীর জন্য Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর উপর তথ্যপত্র করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) প্রতিরোধে যা জরুরী ব্যবহারের অনুমোদন (EUA) অনুমোদন আছে।

আপনাকে বা আপনার সন্তানকে Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট দেয়া হয়েছে, করোনাভাইরাস 2019 রোগ (COVID-19) প্রতিরোধ করার জন্য যেটি পিছনের ভাইরাস হলো SARS-CoV-2। এই তথ্যপত্রে Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর ঝুঁকি এবং সুবিধাগুলি বুঝতে আপনাকে সহায়তা করতে তথ্য রয়েছে, যা আপনার সন্তান পেতে পারে; কারণ এখন COVID-19 মহামারী চলছে। কোনও প্রশ্ন থাকলে আপনার ভ্যাকসিন সরবরাহকারীর সঙ্গে কথা বলুন।

এই তথ্যপত্রটি পরিমার্জন করা হতে পারে। সর্বশেষ তথ্যপত্রের জন্য, অনুগ্রহ করে www.modernatx.com/covid19vaccine-eua ভিজিট করুন।

ইউএস ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (এফডিএ) একটি জরুরী ব্যবহার অথোরাইজেশন ((EUA) দিয়ে Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট কে COVID-19 মহামারীর সময় উপলভ্য করেছে (EUA সম্পর্কে আরো বিস্তারিত জানার জন্য **জরুরী অথোরাইজেশন কী** এই নথির শেষে দেখুন।) Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট যুক্তরাষ্ট্রে এফডিএ-অনুমোদিত ভ্যাকসিন নয়। Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট সম্পর্কে জানতে এই তথ্যপত্রটি পড়ুন।

COVID-19 কী?

COVID-19 রোগটি SARS-CoV-2 নামক করোনাভাইরাস দ্বারা হয়। এই ভাইরাসে আক্রান্ত কোনো ব্যক্তির সংস্পর্শে এলে আপনি COVID-19-এ আক্রান্ত হতে পারেন।

এটি প্রধানত একটি শ্বাসযন্ত্রের রোগ যা অন্যান্য অঙ্গকে প্রভাবিত করতে পারে। COVID-19-এ আক্রান্ত ব্যক্তিদের বিভিন্ন ধরনের উপসর্গের বিষয় রিপোর্ট করা হয়েছে, যার মধ্যে মৃদু উপসর্গ থেকে শুরু করে তীব্র অনুস্থতাজনিত মৃত্যুও অন্তর্ভুক্ত রয়েছে। ভাইরাসে আক্রান্ত হওয়ার 2 থেকে 14 দিন পরে লক্ষণগুলি দেখা দিতে পারে। এই সব লক্ষণের মধ্যে থাকতে পারে: জ্বর বা ঠাণ্ডা লাগা; কাশি; নিঃশ্বাস-প্রশ্বাসের দুর্বলতা; ক্লান্তি; পেশী বা শরীরে ব্যথা; মাথাব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধ না-পাওয়া; গলা ব্যথা; সর্দি বসা বা সর্দি পড়া; বমি বমি ভাব বা বমি হওয়া; ডায়রিয়া।

Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট কী?

Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট 6 মাস বা তার চেয়ে বেশি বয়সীদের জন্য COVID-19 প্রতিরোধে ব্যবহৃত ভ্যাকসিন।[1] এফডিএ EUA এর আওতায় Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর জরুরী ব্যবহার অনুমোদন করেছে।

Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট সকলকে সুরক্ষিত নাও রাখতে পারে।

---

[1] Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট মূল SARS-CoV-2 এবং অমিক্রন BA.4/BA.5 SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন এনকোড করে।

Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট পাবার আগে ভ্যাক্সিন প্রদানকারীকে আপনার কী বলা উচিত1**?**
আপনার ভ্যাকসিন প্রদানকারীকে আপনার বা আপনার শিশুর সকল ধরণের স্বাস্থ্যগত সমস্যা সম্পর্কে বলুন, যার মধ্যে রয়েছে আপনার বা আপনার শিশুর:

- কোনো অ্যালার্জি আছে কি না
- মায়োকার্ডাইটিস (হৃৎপিণ্ডের পেশীতে যন্ত্রণা) অথবা পেরিকার্ডাইটিস (হৃৎপিণ্ডের বাইরের আস্তরণে যন্ত্রণা) হয়ে থাকে
- জ্বর আছে কি না
- রক্তক্ষরণের সমস্যা আছে কি না অথবা রক্ত পাতলা হয় কি না
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল কি না অথবা এমন কোনও ঔষধ ব্যবহার করেন কি না যার প্রভাব আপনার বা আপনার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতার উপর পড়ে
- আপনি গর্ভবতী কি না অথবা সন্তান ধারণের পরিকল্পনা করছেন কি না
- বুকের দুধ খাওয়ান কি না
- অন্য COVID-19 ভ্যাকসিন নিয়েছেন কি না
- কখনও কোনও ইনজেকশন নেওয়ার পর অজ্ঞান হয়ে গিয়ে থাকেন

ভ্যাকসিন কিভাবে দেওয়া হয়?
Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট মাংশপেশিতে ইনজেকশন হিসেবে দেওয়া হয়।

6 মাস থেকে 5 বছর পর্যন্ত মানুষ:

- **ভ্যাকসিন না পাওয়া ব্যক্তিগণ:** দুই ডোজের Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট দেয়া হয়। প্রথম ডোজ দেবার 1 মাস পর দ্বিতীয় ডোজ দেয়া হয়।
- **যারা Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর একটি ডোজ পেয়েছেন:** [2] Moderna COVID-19 ভ্যাকসিন পাবার 1 মাস পর একটি Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট ডোজ।
- **যারা Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর দুইটি ডোজ পেয়েছেন:** 2 Moderna COVID-19 ভ্যাকসিন ডোজ পাবার 2 মাস পর একটি Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট ডোজ।

6 বছর বা তার বেশি বয়সী:

- **ভ্যাকসিন না পাওয়া লোকজন**: Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর একটি ডোজ।
- **যারা মনোভ্যালেন্ট COVID-19 এর ভ্যাকসিন এর এক বা একাধিক ডোজ পেয়েছেন:**[3]Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর একটি ডোজ যেকোনো মনোভ্যালেন্ট COVID-19 ভ্যাকসিন দেয়ার অন্তত 2 মাস পর দেয়া হয়।
- **65 বছর বা তার চেয়ে বেশি বয়সী যারা বাইভ্যালেন্ট COVID-19 ভ্যাকসিনের একটি ডোজ পেয়েছেন:** Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর একটি ডোজ মনোভ্যালেন্ট বাইভ্যালেন্ট COVID-19 ভ্যাকসিন দেয়ার অন্তত 4 মাস পর দেয়া হয়।

---

[2] Moderna COVID-19 ভ্যাকসিন, যা একটি মনোভ্যালেন্ট ভ্যাকসিন, শুধু মূল SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন এনকোড করে।
[3] মনোভ্যালেন্ট বলতে যেকোনো অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিনকে বোঝায়, যাতে শুধুমাত্র মূল SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন

থাকে বা এনকোড করা হয়।

<u>6 বছর বা তার বেশি বয়সী যাদের রোগ প্রতিরোগমূলক জটিলতা আছে:</u>

- 6 মাস থেকে 5 বছর বয়সী যাদের রোগ প্রতিরোধ সংক্রান্ত জটিলতা রয়েছে এবং যারা দুই ডোজ (Moderna COVID-19 ভ্যাকসিন বা Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট) পেয়েছেন, তারা স্বাস্থ্যসেবা প্রদানকারীর বিবেচনা অনুযায়ী ও ব্যক্তিগত ক্লিনিক্যাল পরিস্থিতির হিসাবে সবচেয়ে সাম্প্রতিক Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট, Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট পাবার 1 মাস পর একটি অতিরিক্ত ডোজের Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট পেতে পারেন।
- 6 বছর বা তার চেয়ে বেশি বয়সীরা স্বাস্থ্যসেবা প্রদানকারীর বিবেচনা অনুযায়ী ও ব্যক্তিগত ক্লিনিক্যাল পরিস্থিতির হিসাবে সবচেয়ে সাম্প্রতিক Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট, Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট পাবার 2 মাস পর একটি অতিরিক্ত বয়স অনুযায়ী ডোজের Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট পেতে পারেন।

কার Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট পাওয়া উচিত <u>নয়</u>?

কারো Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট নেয়া উচিত নয়, যদি তাদের:

- Moderna COVID-19 ভ্যাকসিন, [4]Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট বা SPIKEVAX (COVID-19 ভ্যাকসিন, mRNA)5 এর পূর্ববর্তী ডোজে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে[5]।
- এই ভ্যাকসিনগুলোতে থাকা যেকোনো উপাদানের ক্ষেত্রে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া।

এই ভ্যাকসিনে কী কী উপাদান রয়েছে?

Moderna COVID-19 ভ্যাকসিন , বাইভ্যালেন্টে নিম্নলিখিত উপাদানগুলি রয়েছে: messenger ribonucleic acid (mRNA), lipids (SM-102, polyethylene glycol [PEG] 2000 dimyristoyl glycerol [DMG], cholesterol, and 1,2-distearoyl-sn-glycero-3-phosphocholine [DSPC]), ট্রোমেথামাইন, ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড, অ্যাসেটিক অ্যাসিড, সোডিয়াম অ্যাসিটেট ট্রাইহাইড্রেট এবং সুক্রোজ।

ভ্যাকসিন কি আগে ব্যবহার করা হয়েছে?

6 বছর বা তার চেয়ে বেশি বয়সী মিলিয়নের বেশি লোক EUA এর আওতায় Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট (আসল ও অমিক্রন BA.4/BA.5) পেয়েছেন।

এর অতিরিক্ত 6 মাস ও তার বেশি বয়সী লক্ষ লক্ষ লোককে EUA-এর অধীনে মনোভ্যালেন্ট Moderna COVID-19 ভ্যাকসিন দেওয়া হয়েছে। ক্রিনিক্যাল ট্রায়ালগুলোতে, 6 মাস থেকে 5 বছর বয়সী আনুমানিক 5000 জন, 6 বছর থেকে 11 বছর বয়সী 4,000 জন এবং 12 বছর বা তার চেয়ে বেশি বয়সী আনুমানিক 30,000 জন কমপক্ষে 1 ডোজ Moderna COVID-19 ভ্যাকসিন গ্রহণ করেছেন।

Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট তৈরি করা হয়েছে Moderna COVID-19 ভ্যাকসিন এর মত করেই, কিন্তু এতে একটি অমিক্রন যা অমিক্রন ভ্যারিয়ান্ট SARS-CoV-2 এর কারণে সৃষ্ট কোভিড -19 প্রতিরোধে সাহায্য করে।

---

[4] Moderna COVID-19 ভ্যাকসিন, যা একটি মনোভ্যালেন্ট ভ্যাকসিন, শুধু মূল SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন এনকোড করে।

[1]SPIKEVAX (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) হলো ModernaTX, Inc. কর্তৃক প্রস্তুতকৃত একটি FDA-অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিন। SPIKEVAX কেবলমাত্র মূল SARS-CoV-2 এর স্পাইক প্রোটিন এনকোড করে।

Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর সুবিধাগুলো কী কী?
এফডিএ Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট কে COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষার জন্য অনুমোদন দিয়েছে।

কোভিড-19 থেকে সুরক্ষার সময়কাল বর্তমানে অজানা।

Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর ঝুঁকিগুলো কী কী?
এই ভ্যাকসিন মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে, এমন একটি সুদূর সম্ভাবনা রয়েছে। সাধারণত ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে এক ঘণ্টা সময়ের মধ্যে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে, ভ্যাকসিন দেওয়ার পর পর্যবেক্ষণ করার সুবিধার্থে, আপনার ও আপনার শিশুর ভ্যাকসিন প্রদানকারী আপনাকে ও আপনার শিশুকে ভ্যাকসিন দেওয়ার স্থানে থাকার জন্য বলতে পারে। মারাত্মক অ্যালার্জির লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে:

- শ্বাস কষ্ট
- মুখ ও গলা ফুলে যাওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- সারা শরীরে খারাপ ফুসকুড়ি হওয়া
- মাথা ঘোরা ও দুর্বলতা

Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট, Moderna COVID-19 ভ্যাকসিন বা SPIKEVAX গ্রহণকারী কিছু কিছু লোকের মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ) এবং পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ) হয়েছে, নারী ও বয়স্ক পুরুষের তুলনায় 40 বছরের কম বয়সী প্রাপ্তবয়স্ক পুরুষদের ক্ষেত্রে অনেক বেশি হয়েছে। এসব লোকের বেশিরভাগের মধ্য ভ্যাকসিন দেবার কিছুদিনের মধ্যে লক্ষণ দেখা গিয়েছে। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। ভ্যাকসিন নেওয়ার পর যদি নিম্নলিখিত লক্ষণগুলোর মধ্যে কোনোটি আপনার বা আপনার শিশুর দেখা দেয় তবে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত:

- বুকে ব্যথা
- শ্বাস গ্রহণের সময় বুকে চাপ অনুভব বা শ্বাস গ্রহণে কষ্ট হওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বুক ধড়ফড় করা বা বুক ধুকপুক করা

অতিরিক্ত লক্ষণ, বিশেষ করে শিশুদের মধ্যে, হতে পারে:

- মূর্ছা যাওয়া
- অস্বাভাবিক ও ক্রমাগত প্রদাহ
- অস্বাভাবিক ও ক্রমাগতভাবে কম খাবার গ্রহণ
- অস্বাভাবিক ও ক্রমাগত ক্লান্তি বা দুর্বলতা
- ক্রমাগত বমি করা
- তলপেটে ক্রমাগত ব্যাথা
- অস্বাভাবিক ও ক্রমাগত শীত লাগা, ত্বক বিবর্ণ হয়ে যাওয়া

ক্লিনিক্যাল ট্রায়ালগুলোতে Moderna COVID-19 ভ্যাকসিন বা Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট এর পার্শ্বপ্রতিক্রিয়া দেখা গিয়েছে।

- ইঞ্জেকশন দেওয়ার স্থানে প্রতিক্রিয়া: ব্যথা, অস্বস্তি, ইঞ্জেকশন দেওয়ার হাতে বা কুঁচকিতে লসিকা (লিম্ফ) ফুলে যাওয়া, ফোলা (শক্ত) ও লালচে হওয়া
- সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া: ক্লান্তি, মাথা ব্যাথা, পেশি ব্যাথা, শীত লাগা, বমি বমি ভাব ও বমি হওয়া, জ্বর, গাঁটে ব্যাথা, প্রদাহ/কান্না, নিদ্রালুতা এবং ক্ষুধা নষ্ট হওয়া

অনুমোদন-পরবর্তী ব্যবহারের ক্ষেত্রে যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া
- আর্টিকারিয়া (চুল্কানিযুক্ত ফুসকুড়ি/জ্বালা)
- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)
- ভ্যাকসিনের ইনজেকশন দেওয়ার সাথে সংশ্লিষ্ট মূর্ছা যাওয়া

শুধুমাত্র এগুলোই সব পার্শ্ব-প্রতিক্রিয়া নাও হতে পারে। গুরুতর ও অপ্রত্যাশিত পার্শ্ব প্রতিক্রিয়াও দেখা দিতে পারে। পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে এখনও গবেষণা চলমান রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে আমার কী করা উচিত?
যদি আপনার বা আপনার শিশুর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেয়, তবে 9-1-1-এ কল করুন বা নিকটবর্তী হাসপাতালে যান।

যদি আপনার/আপনার শিশুর এমন পার্শ্ব-প্রতিক্রিয়া হয় যা সমস্যা করে থাকে বা দূর হচ্ছে না, তবে ভ্যাকসিন প্রদানকারীকে অথবা আপনার বা আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

ভ্যাকসিন সম্পর্কিত পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে FDA/CDC ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)-এর কাছে রিপোর্ট করুন। VAERS-এর টোল ফ্রি নম্বর হল 1-800-822-7967 অথবা অনলাইনে জানান https://vaers.hhs.gov/reportevent.html এই ঠিকানায়। রিপোর্ট করার ফর্মে 18 নম্বর বক্সে প্রথম লাইনে অনুগ্রহ করে লিখুন “Moderna COVID-19 Vaccine EUA”

এর সঙ্গে, ModernaTX, Inc ঠিকানায় 1-866-MODERNA (1-866-663-3762) নম্বরে পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে জানাতে পারেন।

আপনাকে **v-safe** এ নাম নথিভুক্ত করার একটি বিকল্পও আপনাকে দেওয়া হতে পারে। **V-safe** একটি স্মার্টফোন-ভিত্তিক নতুন স্বেচ্ছাসেবী ব্যবস্থা যা টেক্সট মেসেজ এবং ওয়েবে সমীক্ষার মাধ্যমে পরীক্ষা করে দেখে, যেসব ব্যক্তি COVID-19 ভ্যাকসিন নিয়েছেন তাঁদের পার্শ্ব প্রতিক্রিয়া হয়েছে কি না তা চিহ্নিত করা। **V-safe**-এর প্রশ্নাবলীর সহায়তায় কোভিড-19-এর সুরক্ষার বিষয়টি CDC পর্যবেক্ষণ করতে পারে। প্রয়োজন পড়লে ডোজ নেওয়ার কথা মনে করিয়ে দেওয়ার কাজও করে **V-safe**। কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার পর গ্রহীতারা যদি স্বাস্থ্য সম্পর্কিত কোনো উল্লেখযোগ্য প্রভাবের ব্যাপারে জানান, তাহলে CDC সর্বদা টেলিফোনে খোঁজখবর চালিয়ে যায়। আরও তথ্যের জন্য কী ভাবে নাম নথিভুক্ত করতে হয়, তার জন্য এই ওয়েবসাইট www.cdc.gov/vsafeদেখুন।

আমি Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট না দেওয়ার সিদ্ধান্ত নিলে কী হবে?
EUA-এর অধীনে, ভ্যাকসিন নেওয়ার প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যান করার একটি সুযোগ রয়েছে। যদি আপনি বা আপনার শিশুর জন্য এই ভ্যাকসিন না নেওয়ার সিদ্ধান্ত নেন, তবে এতে আপনার স্ট্যান্ডার্ড চিকিৎসা সেবায় কোনো পরিবর্তন হবে না।

COVID-19 প্রতিরোধের জন্য Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট ছাড়া অন্য কোনো ভ্যাকসিন আছে কি?
কোভিড-19 প্রতিরোধে অন্যান্য ভ্যাকসিনগুলো EUA-এর অধীনে উপলভ্য হতে পারে, যার মধ্যে বাইভ্যালেন্ট ভ্যাকসিন রয়েছে, যাতে SARS-CoV-2-এর একটি অমিক্রন উপাদান রয়েছে। SPIKEVAX (COVID-19 Vaccine, mRNA) ও COMIRNATY (COVID-19 Vaccine, mRNA) হলো এফডিএ অনুমোদিত COVID-19 ভ্যাকসিন।

আমি বা আমার শিশু কি অন্য ভ্যাকসিনের সঙ্গে একই সাথে Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট নিতে পারবো?

অন্যান্য ভ্যাকসিনের সঙ্গে Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট ব্যবহার সম্পর্কিত কোনও তথ্য এখনও FDA-তে জমা দেওয়া হয়নি। যদি অন্যান্য ভ্যাকসিনের সাথে আপনি বা আপনার শিশুModerna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট নেওয়ার বিষয়টি বিবেচনা করেন, তবে আপনার/আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

যদি আমি বা আমার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা থাকে তবে কী হবে?

রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা রয়েছে এমন 5 বছর বা তার চেয়ে বেশি বয়সী লোকজন এক বা অতিরিক্ত Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট নিতে পারেন (**উপরে কীভাবে ভ্যাকসিন দেয়া হয়, তা দেখুন)**

রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা রয়েছে এমন লোকজনকে গৃহীত ভ্যাকসিন কোভিড-19 থেকে পূর্ণ সুরক্ষা নাও দিতে পারে; তাই কোভিড-19 প্রতিরোধে সাহায্য করতে আপনাকে বা আপনার শিশুকে শারীরিক সতর্কতা বজায় রাখা অব্যাহত রাখতে হবে। আপনার ঘনিষ্ঠ পরিচিতদের যথাযথভাবে টিকা নিয়ে নেওয়া উচিত।

গর্ভাবস্থা বা বুকের দুধ খাওয়ানোর ব্যাপারে কী হবে?

যদি আপনি বা আপনার শিশু সন্তানসম্ভবা হন/হয় বা স্তন্যপান করান/করায়, তবে আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সঙ্গে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

এই ভ্যাকসিনের কারণে কি আমার বা আমার শিশুর কোভিড-19 হবে?

না। এই ভ্যাকসিনগুলোতে SARS-CoV-2 থাকে না এবং আপনার বা আপনার শিশুর কোভিড-19 সৃষ্টি করতে পারে না।

ভ্যাকসিন কার্ড সঙ্গে রাখুন

যখন আপনি বা আপনার শিশু প্রথম কোভিড-19 ভ্যাকসিন পাবেন, তখন আপনি একটি ভ্যাকসিন কার্ড পাবেন। আপনি বা আপনার শিশু অতিরিক্ত ডোজ পেলে কার্ড আনার কথা মনে রাখবেন।

অতিরিক্ত তথ্য

আপনার কোনও প্রশ্ন থাকলে ওয়েবসাইট দেখুন অথবা নিচে দেওয়া টেলিফোন নম্বরে ফোন করুন। অতি সাম্প্রতিক তথ্যপত্র দেখার জন্য অনুগ্রহ করে নিচে দেওয়া QR কোডটি স্ক্যান করুন।

মডার্না কোভিড-19 ভ্যাকসিন ওয়েবসাইট	টেলিফোন নম্বর
www.modernatx.com/covid19vaccine-eua	1-866-MODERNA (1-866-663-3762)

আমি কিভাবে আরও জানতে পারব?

- ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞাসা করুন
- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html ঠিকানায় CDC-তে যান।
- Https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-legal- regulatory-and-policy-framework/emergency-use-authorization ঠিকানায় FDA ভিজিট করুন
- আপনার স্থানীয় অথবা রাজ্যের জনস্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করুন।

ভ্যাকসিন নেওয়ার তথ্য কোথায় নথিভুক্ত করা হবে?
ভ্যাকসিন সরবরাহকারী আপনার স্টেট/স্থানীয় আইনী অধিক্ষেত্রের টিকাদান তথ্য ব্যবস্থা বা Immunization Information System (IIS) বা অন্যান্য মনোনীত ব্যবস্থায় আপনার বা আপনার শিশুর ভ্যাকসিন দেওয়ার তথ্য নথিভুক্ত করতে পারে। IISs সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html ভিজিট করুন।

COVID-19 ভ্যাকসিন নেওয়ার জন্য আমাকে কি প্রশাসনিক ব্যয় হিসাবে অর্থ খরচ করতে হবে?
না। এই মুহূর্তে, টিকা সরবরাহকারী আপনাকে ভ্যাকসিন ডোজ দেওয়ার জন্য কোনো অর্থ নিতে পারবেন না এবং কেবলমাত্র COVID-19 টিকা গ্রহণ করার জন্য আপনার কাছ থেকে ভ্যাকসিন দেওয়ার খরচ বা অন্য কোনো খরচ নেওয়া যাবে না। তবে, ভ্যাকসিন প্রদানকারীগণ ভ্যাকসিন গ্রহণকারীর জন্য কোভিড-19 ভ্যাকসিন প্রদানের ফি অন্তর্ভুক্ত করে এমন কোনো প্রোগ্রাম বা প্ল্যানের কাছ থেকে উপযুক্ত ব্যয়-পরিশোধ করার জন্য অনুরোধ করতে পারে (বেসরকারি বিমা, মেডিকেয়ার, মেডিকেইড, বিমা-বিহীন গ্রহীতাদের জন্য HRSA কোভিড-19 অবিমাকৃত প্রোগ্রাম)।

সন্দেহজনক জালিয়াতির ঘটনার ব্যাপারে আমি কোথায় জানাতে পারি?
CDC COVID-19 টিকাদান প্রোগ্রামের প্রয়োজনীয়তাগুলির যে কোনও সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে সচেতন ব্যক্তিদের ইনস্পেক্টর জেনারেল, আমেরিকা যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগে 1-800-HHS-TIPS অথবা https://TIPS.HHS.GOV ঠিকানার দফতরে জানাতে উৎসাহিত করা হয়।

আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা কী কী রয়েছে?
আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা (CICP) একটি ফেডারেল প্রকল্প। এটি এই চিকিত্সা সহ কিছু নির্দিষ্ট ওষুধ বা ভ্যাকসিন দ্বারা গুরুতর আহত হওয়া নির্দিষ্ট ব্যক্তিদের চিকিৎসা সেবা এবং অন্যান্য নির্দিষ্ট খরচের জন্য অর্থ প্রদানে সহায়তা করতে পারে। সাধারণত, ভ্যাকসিন গ্রহণের তারিখ থেকে এক (1) বছরের মধ্যে CICP-এর কাছে একটি দাবি জমা দিতে হবে। এই প্রোগ্রাম সম্পর্কে জানতে www.hrsa.gov/cicp/ পরিদর্শন করুন অথবা 1-855-266-2427 নম্বরে ফোন করুন।

ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?
Moderna COVID-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট COVID-19 ভ্যাকসিন একটি EUA নামক জরুরি ভিত্তিতে পাওয়ার ব্যবস্থা করেছে আমেরিকা যুক্তরাষ্ট্রের FDA। হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS)-এর সচিবের একটি ঘোষণা দ্বারা EUA-কে সমর্থন করা হয়, যেখানে কোভিড-19 অতিমারীর সময় জরুরি ভিত্তিতে ঔষধ ও জীবতত্ত্বিক বা বায়োলজিক্যাল পণ্য ব্যবহারের মতো পরিস্থিতি রয়েছে বলে উল্লেখ করা হয়। জরুরি ব্যবস্থার জন্য অনুমোদিত পণ্য FDA দ্বারা পর্যালোচনা করা একটি FDA অনুমোদিত পণ্যের মত পর্যালোচনা পায় না।

কিছু নির্দিষ্ট মানদণ্ড পূরণ হলে FDA একটি EUA ইস্যু করতে পারে, যার মধ্যে রয়েছে, কোনো পর্যাপ্ত, অনুমোদিত, উপলভ্য বিকল্প নেই। এছাড়াও, FDA-এর সিদ্ধান্ত সম্পূর্ণভাবে বিদ্যমান বৈজ্ঞানিক প্রমাণের উপর ভিত্তি করে নেওয়া হয়, যেখানে দেখা যায় যে, কোভিড-19 অতিমারীর সময় কোভিড-19 প্রতিরোধে পণ্যটি কার্যকর হতে পারে এবং পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য সুবিধাদি, জ্ঞাত ও সম্ভাব্য ঝুঁকিসমূহ থেকে বেশি হতে। কোভিড-19 অতিমারী চলাকালীন পণ্যটি ব্যবহারের অনুমতি দেওয়ার জন্য EUA এর আওতায় এই সবগুলো মানদণ্ড পূরণ করতে হবে।

অবসান বা বাতিল না করা পর্যন্ত, এই পণ্যটির জরুরি ব্যবহারকে ন্যায্যতা প্রতিপাদন করে কোভিড-19 EUA ঘোষণাটি বর্তমানে কার্যকর রয়েছে (যার পরে পণ্যটি হয়তো আর ব্যবহার করা নাও হতে পারে)।

Moderna US, Inc. Princeton, NJ 08540

©2023 ModernaTX, Inc. সর্বস্বত্ব সংরক্ষিত। প্যাটেন্ট: www.modernatx.com/patents Revised: Apr/17/2023

এই তথ্যপত্রটি যে ইলেকট্রনিক মেডিক্যাল রেকর্ড/টিকাদান তথ্য ব্যবস্থার জন্য ভ্যাকসিন গ্রহণকারীকে প্রদান করা হয়েছে তা ধারণ করতে স্ক্যান করুন।

GDTI: 0886983000592